মেহেরপুরে নতুন ২ জন সহ করোনা মোট আক্রান্ত ৬৮২ জন

মেহেরপুর নতুন করে আরও ২ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে একজন মুজিবসগর উপজেলার অপর একজন মেহেরেপুর সদরের বাসিন্দা।

সোমবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৭ জনের নমুনা পরীক্ষায় রিপোর্টের মধ্যে নেগেটিভ আসে ১৫ জনের। আর পজেটিভ আসে ২ জনের। তিনি আরো জানান, এ পর্যন্ত জেলা থেকে সর্বমোট নমুনা পাঠানো হয়েছে ৪৭৪০ টি, ফলাফল এসেছে ৪৬৬২ টি, সর্বমোট পজিটিভ ৬৮২ জন, সুস্থ্য-৫৮৪ জন, মৃত্যু ১৬, ট্রান্সফার্ড ৫৪ জন।

বর্তমানে মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা ২৮ (সদরে-১৯, গাংনীতে- ৫, মুজিবনগরে- ৪) জন।

ভিন্ন সূূত্রে পাওয়া আক্রান্তরা হলেন- মুজিবনগর কেদারগন্জের আব্দুল হাই (৫৬), মেহেরপুর শহরের মন্ডলপাড়ার আবুল বাশার (৫৫)।

দারিয়াপুরে মাতৃত্বকালীন ভাতাভোগীদের দুইদিন ব্যাপী সচেতনতামূলক প্রশিক্ষন শুরু

মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নের মাতৃত্বকালীন ভাতা ভোগীদের দুইদিন ব্যাপী সচেতনতামূলক প্রশিক্ষণ শুরু হয়েছে।
রবিবার সকাল সাড়ে এগারোটার দিকে দারিয়াপুর ইউনিয়ন পরিষদ হলরুমে এ প্রশিক্ষণ শুরু করা হয়।

মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে ও দারিয়াপুর ইউনিয়ন পরিষদের সহোযোগীতায় দুইদিন ব্যাপী প্রশিক্ষণ

উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত থেকে বিভিন্ন ধরনের সচেতনতামূলক পরামর্শ প্রদান করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম।

প্রশিক্ষণের সময় দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল উপস্থিত ছিলেন।

এ সময় ৩৫ জন মাতৃত্বকালীন ভাতা ভোগীদের মাঝে করোনা প্রতিরোধে করনীয়, বাল্য বিয়ে ও যৌতুক প্রতিরোধ,মা ও শিশুর স্বাস্থ্য পরিচর্যাসহ বিভিন্ন বিষয়ে সচেতনতা মূলক প্রশিক্ষণ প্রদান করা হয়।

চুয়াডাঙ্গায় খেজুরের রস সংগ্রহের প্রস্তুতিতে ব্যস্ত গাছিরা

প্রকৃতিতে বইছে শীতের আগমনী বার্তা। শীত আর পিঠা যেন সমার্থক। আর শীতের পিঠায় অন্যতম অনুষঙ্গ খেজুরের গুড়। এ গুড় পাওয়া যায় খেজুরের রস থেকে। শীতের আগমনী বার্তায় খেজুর গাছের রস সংগ্রহের প্রস্তুতি চলছে চুয়াডাঙ্গার গাছিদের মাঝে। গাছিরা খেজুর গাছ কাটা-ঝোড়ায় ব্যস্ত সময় পার করছেন। শীত কিছুটা বাড়লেই শুরু হবে রস সংগ্রহ। তৈরি হবে খেজুরের গুড়।

চুয়াডাঙ্গা কৃষি বিভাগ জানায়, চুয়াডাঙ্গার বেশিরভাগ গ্রামের পথ দিয়ে হেটে গেলে চোখে পড়ে খেজুর গাছ। জমির আঁইলে আঁইলে খেজুর গাছ লাগিয়েছেন গ্রামের কৃষকরা। বিশেষ করে জেলা সদরের গাড়াবাড়িয়া, বেলগাছি, সরোজগঞ্জ, মহাম্মদজমা, বোয়ালিয়া এবং দামুড়হুদার জয়রামপুর, দোস্ত প্রভৃতি গ্রামে খেজুরের গাছ বেশি চোখে পড়ে। শীত মৌসুমে এসব গ্রামে খেজুরের রস বিক্রি ও গুড় তৈরির কাজ চলে পুরো দমে। এখন চলছে তারই প্রস্তুতি।

সদর উপজেলার দ্বীননাথপুর গ্রামের গাছি ইজাহার আলী জানান, শীতের শুরুতেই খেজুর গাছ ঝুড়ে-কেটে রস সংগ্রহের জন্য প্রস্তুত করা হয়। এরপর দেয়া হয় চাচ। পরে নলি মারার মাধ্যমে শুরু হয় রস সংগ্রহ।

খেজুরের সুস্বাদু রস জ¦◌ালিয়ে তৈরি হয় খেজুরের গুড় ও পাটালি।

বেলগাছি গ্রামের কৃষক শরিফুর রহমান সেন্টু জানান, সাধারণত চাষীরা অন্য চাষের পাশাপাশি খেজুর গাছ লালন-পালন করে। একজন চাষীর ২০০ খেজুর গাছ থাকলে মৌসুমে তাদের দৈনিক আয় হয় তিন থেকে চার হাজার টাকা। বছরের নভেম্বর থেকে ফেব্রুয়ারি পর্যন্ত চলে খেজুর গুড়ের মৌসুম। এসময়ে তারা মোট অংকের বাড়তি আয় করে থাকেন।

বোয়ালিয়া গ্রামের শুকুর আলীর খেজুর গাছ আছে ১২০টি। একই গ্রামের রমজান আলীর গাছ রয়েছে ৮০টি। রস সংগ্রহের জন্য তারা এখন খেজুর গাছের আগা ঝোড়া, চাচ দেয়া ও নলি মারায় ব্যস্ত। তাদের সাথে কথা বলে জানা গেছে, কারো যদি ১০/১২টি খেজুর গাছ থাকে, তা থেকে প্রতিদিন এক ভাড় গুড় পাওয়া যাবে।

খেজুর গুড়ের মৌসুমে বাড়তি কাজ জোটে গাছ প্রস্তুত করার কাজে নিয়োজিতদের। তাদেরই একজন মাখালডাঙ্গা গ্রামের মিরাজুল ইসলাম। তিনি জানান, মৌসুম এলে তিনি দিনে অন্তত ৫০/৬০টা গাছ কাটা-ঝোড়া করে থাকেন। এতে তার দৈনিক আয় হয় প্রায় দেড় হাজার টাকা।

কৃষি বিভাগ সূত্রে জানা গেছে, খেজুর গুড় তৈরির জন্য চুয়াডাঙ্গায় জেলায় প্রায় তিন লাখ খেজুর গাছ রয়েছে। প্রতি বছর জেলার গাছিরা আড়াই থেকে তিন হাজার মেট্রিকটন খেজুর গুড় উৎপাদন করে থাকে।

চুয়াডাঙ্গার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ-পরিচালক সুফি মো. রফিকুজ্জামান জানায়, পিঠা-পুলির অন্যতম উপকরণ খেজুরের গুড়। এ গুড় তৈরি হয় খেজুরের রস থেকে। তাই শীতের শুরুতেই গাছিরা খেজুর গাছ প্রস্তুত করতে ব্যস্ত হয়ে পড়েন। তাছাড়া চুয়াডাঙ্গা জেলার খেজুরের গুড়ের সুনাম দেশজোড়া। শীতের মৌসুমে খেজুরের গুড় ও পাটালি বিক্রি করে বাড়তি আয় করেন জেলার চাষীরা।

মেহেরপুরে সাংবাদিকের ক্যামেরা

ভাংচুর ও মারধর করলেন সমাজসেবা উপপরিচালক

মেহেরপুরে ডিবিসি’র জেলা প্রতিনিধি আবু আক্তার করণ ও বাংলাদেশ রয়টার্স এর জেলা প্রতিনিধি জাকির হোসেনকে মারধর করে ক্যামেরা ভাংচুর করেছে জেলা সমাজ সেবা কর্মকর্তা আব্দুল কাদেরসহ কয়েকজন। রবিবার দুপুরে সমাজসেবা অফিসেই পেশাগত দায়িত্ব পালনকালে এই হামলার শিকার হন সাংবাদিকরা।

হামলার শিকার সাংবাদিক আবু আক্তার বরণ ও জাকির হোসেন জানান, আমরা সংবাদ সংগ্রহের জন্য জেলা সমাজ সেবা অফিসে যায়। পরে সমাজ সেবা কর্মকর্তা আব্দুল কাদের গোপন কক্ষে নিয়ে আটকিয়ে রাখে। পরে আব্দুল কাদের একই অফিসের প্রবেশন অফিসার সাজ্জাদ হোসেন ও আব্দুল কাদের এর ব্যক্তিগত ড্রাইভার মিলন সহ বেশ কয়েকজন আমাদের মারধর করে ক্যামেরা ভেঙে দেয়।

পরে মেহেরপুর সদর থানার একটি দল গিয়ে সাংবাদিকদের উদ্ধার করে। এ বিষয়ে মেহেরপুর সদর থানায় আব্দুল কাদের, সাজ্জাদ হোসেন, মিলন শেখসহ অজ্ঞাত আরও কয়েকজনকে আসামী করে একটি মামলা দায়ের করা হয়। সদর থানার ওসি শাহ দারা খান জানান, তদন্ত সাপেক্ষে পরবর্তি ব্যবস্থা নেওযা হবে।
এ বিষয়ে জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান জানান, আমি বিষয়টা শুনেছি। বিস্তারিত জেনে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

মেপ্র/এমএফআর

কালীগঞ্জে বিএনপির বিপ্লব ও সংহতি দিবস পালিত

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালন করা হয়েছে।

গতকাল শনিবার সকালে শহরের থানা রোডে অবস্থিত দলীয় কার্যালয়ে এ উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। কালীগঞ্জ উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহবুবার রহমানের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম আহবায়ক ডা: নুরুল ইসলাম, আয়নাল হাসান, তবিবুর রহমান মিনি, পৌর বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক নজরুল ইসলাম তোতা, নজরুল ইসলাম, উপজেলা বিএনপির যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম সাইদুল, চেয়ারম্যান ইলিয়াস রহমান মিঠু, পৌর বিএনপির যুগ্ম আহবায়ক জাবেদ আলী, মোহাম্মদ আলী জিন্নাহ।

এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি নেতা আলী মোর্তুজা লিটু, প্রভাষক মুসা করিম, পিয়ার হোসেন, ওলিয়ার রহমান, মুরাদ হোসেন,মোদাচ্ছের আলী,মোহাম্মদ আলী,হুমায়ন কবির, আবু বক্কর রাজু, পৌর বিএনপি নেতা গোলাম সরোয়ার খোকা, শওকত হোসেন ফেলু, আব্দুল কুদ্দুস, আজিজুল ইসলাম, মহিউদ্দিন মহি, রবিউল ইসলাম, সাহেব আলী, উপজেলা যুবদল নেতা সুজাউদ্দিন পিয়াল, মোস্তফা কামাল টিটো, মঞ্জুরুল ইসলাম খোকা, পৌর যুবদল নেতা জাহিদুল ইসলাম জাহিদ, ফিরোজ কবির, আসাদুজ্জামান আসাদ, আব্দুল লতিফ, ইমরান হোসেন, বিলাল হোসেন, রিপন হোসেন, শ্রমিক দলের ফরিদ হোসেন, শামিম আহমেদ,

মৎস্যজীবী দলের পৌর আহবায়ক নাজমুল কবির রিপন, উপজেলা তাঁতীদলের আজিজুল ইসলাম বাটুল, লিটন মিয়া, পৌর তাঁতীদলের সদস্য সচিব জাহাঙ্গীর হোসেন, কৃষকদলের নেতা আমিন মোল্লা, স্বেচ্ছাসেবক দলের নেতা তোফাজ্জেল হোসেন তপন সোহেল রানা, এস এম মাসুম, উপজেলা ছাত্রদলের আহবায়ক মারুফ বিল্লাহ, সদস্য সচিব মৌসুম উদ্দিন শোভন, যুগ্ম আহবায়ক আলাউদ্দিন আলা, শাহদাৎ হোসেন রিওন, পৌর ছাত্রদলের সদস্য সচিব তরিকুল ইসলাম, কলেজ ছাত্রদলের সদস্য সচিব কামরুল ইসলাম, যুগ্ম আহবায়ক আলামিন হোসেন, শাওন, দিপু পারভেজ প্রমুখ।

এ সময় বক্তারা বলেন, ৭ নভেম্বর জাতীর এক ঐতিহাসিক অবিস্মরণীয় দিন। ১৯৭৫ সালের এ দিনে সৈনিক-জনতা রাজপথে নেমে এসেছিল জাতীয় স্বাধীনতা সুরক্ষা ও হারানো গণতন্ত্র পুনরুজ্জীবনের দৃঢ় প্রত্যয় বুকে নিয়ে। তাই ৭ নভেম্বরের ঐতিহাসিক বিপ্লব অত্যন্ত তাৎপর্যপূর্ণ। দেশমাতৃকার চরম সংকটকালে ১৯৭৫ এর ৩ নভেম্বর কুচক্রীরা জিয়াউর রহমানকে সপরিবারে সেনানিবাসে বন্দি করে।

এ অরাজক পরিস্থিতিতে ৭ নভেম্বর দেশপ্রেমিক সৈনিক এবং জনতার ঢল রাজপথে এক অনন্য সংহতির স্ফুরণ ঘটায় এবং জিয়াউর রহমান মুক্ত হন। বক্তব্য শেষে জিয়াউর রহমান ও বিএনপির প্রয়াত সকল নেতা কর্মীদের রূহের মাগফেরাতের জন্য দোয়া করা হয়।

কোটচাঁদপুরে বিএনপির বিপ্লব ও সংহতি দিবস পালিত

ঐতিহাসিক জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুরে আলোচনা সভা ও কাউন্সিলের মাধ্যমে সকল ইউনিয়ন বিএনপি’র নব-নির্বাচিত নেতৃবৃন্দের পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) উপজেলা শাখার আয়োজনে স্থানীয় প্রধান বাসস্ট্যান্ড কার্যালয়ে এ আলোচনা ও পরিচিতি সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপি’র আহ্বায়ক মোঃ আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপি’র জাতীয় নির্বাহী কমিটির সহ-তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খাঁন শিমুল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি’র যুগ্ম-আহ্বায়ক আছির উদ্দীন, আজিজুর রহমান ফুটু, হাসান উদ্দীন, তমিজ উদ্দীন ও যুগ্ম-আহ্বায়ক আনিসুর রহমান।

উপজেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য সচিব মিজানুর রহমান খাঁন লাভলুর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা বিএনপি’র আহ্বায়ক কমিটির সদস্য মোঃ আবুবকর বিশ্বাস, সদস্য মোঃ রফিকুল ইসলাম, উপজেলা ছাত্র দলের আহ্বায়ক আব্দুস সামাদ মুকুল, উপজেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক হারুন অর-রশিদ, সাবেক ছাত্র দলের সভাপতি আশরাফুজ্জামান খাঁন মুকুল,

উপজেলা যুবদলের সাবেক সভাপতি মোহাম্মদ আলী, উপজেলা বিএনপি’র সাবেক দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম, উপজেলা ছাত্র দলের সিনিয়র যুগ্ন-আহ্বায়ক লিয়ন আহমেদ, দোড়া ইউনিয়ন বিএনপি’র সভাপতি মিজানুর

রহমান শান্টু, এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ ইকরামুল হক, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান খোকা, কুশনা ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোস্তফা সাহিদ, সাধারণ সম্পাদক লিয়াকত আলী, বলুহর ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ আশরাফ আলী, সাফদারপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি ফরিদ আহমেদ, ইউপি সদস্য ও বিএনপি নেতা মহিদুল ইসলাম প্রমুখ।

এসময় উপজেলা, ইউনিয়ন বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা- কর্মীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায়র বিএনপির বিপ্লব ও সংহতি দিবস পালিত

গতকাল সন্ধ্যা ৬ টার সময় চুয়াডাঙ্গা রজব আলী সুপার মার্কেটে অবস্থিত জেলা বিএনপির কার্যালয়ে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস পালন করা হয়েছে ।

জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আবুবক্কর সিদ্দিক আবুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য ও পৌর কাউন্সিলর মোঃ সিরাজুল ইসলাম মনি।

জেলা জাসাস এর সাধারণ সম্পাদক মোঃ সেলিমুল হাবিব সেলিম এর উপস্থাপনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি শফিকুল ইসলাম পিটু।

অনান্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা বিএনপি নেতা মনিরুজ্জামান লিপটন, জেলা যুবদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক ও চিতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল সালাম বিপ্লব, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক জাহেদ মোহাম্মদ রাজিব খান, জেলা মৎসজীবী দলের যুগ্ম আহবায়ক কামরুজ্জামান বাবলু, পৌর বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আবুল কালাম আজাদ, কুদ্দুস মহলদার, থানা বিএনপির সাবেক দপ্তর সম্পাদক তরিকুল আলম জোয়ার্দার বিলু,

সাবেক দপ্তর সম্পাদক ইয়াছিন হাসান কাকন, আলোকদিয়া ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান মিজান, পৌর যুবদলের সদস্য সচিব আজিজুল ইসলাম, হাফিজুর রহমান হ্যাপি, আব্দুর রশিদ, নাজমুল হক, রাশেদুল ইসলাম, জেলা সে¦চ্ছাসেবক দলের সহ-সভাপতি শামসুল হক ঝন্টু, যুগ্ম সম্পাদক হাসান মাস্টার, অর্থ সম্পাদক হাবিবুর রহমান রাজিব, তাঁতী বিষয়ক সম্পাদক মহাসিন আলী, সানোয়ার, আব্দুস ছামাদ, তুহিন ইসলাম, ইনামুল হক ইমন, জেলা ছাত্রদল নেতা এম.এইস মোস্তফা, শাহাবুদ্দিন, সাইমুজ্জামান মিশা, রফিক, নাজমুল, আমির হোসেন, জিতু, আকাশ, কনক, আরিফুল ইসলাম, আরমান প্রমুখ।

জীবননগরে ৪৯তম জাতীয় সমবায় দিবস পালিত

বঙ্গবন্ধুর দর্শন,সমবায়ে উন্নয়ন এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গা জীবননগরে সমবায়ী র্যালী ও আলোচনা সভার মধ্যে ৪৯তম জাতীয় সমবায় দিবস পালন করা হয়েছে।

গতকাল শনিবার সকাল ১০টার সময় উপজেলা প্রশাসন ও উপজেলা সমবায় দপ্তরের আয়োজনে ৪৯তম জাতীয় সমবায় দিবস উপলক্ষ্যে উপজেলা পরিষদ থেকে একটি র্যালীবের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে উপজেলা পরিষদের অডিটোরিয়ামে একটি আলোচনা সভা অনুষ্ঠত হয়।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেযারম্যান হাজী হাফিজুর রহমান। মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী ,জীবননগর থানার ওসি (অপারেশন) মোল্লা সেলিম,উপজেলা সমবায় অফিসার মোতাহার হোসেন প্রমুখ।

আলোচনা সভা শেষে খুলনা বিভাগের শ্রেষ্ঠত্বা অর্জন করায় জাতীয় সমবায় পুরস্কার হিসাবে এবলুম বাংলা সমবায় সমিতিসহ তিনটি সমবায় সমিতিকে সম্মাননা স্বারক প্রদান করা হয়।উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন উপজেলা সমাজ সেবা অফিসার মাসুদুর রহমান।

ঝিনাইদহে ট্রেড ইউনিয়ন সংঘ’র মানববন্ধন

করোনাকালীন খাদ্য, কাজ, চিকিৎসা বেতন-বোনাস ও রেশন চালুর দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালন করেছে ট্রেড ইউনিয়ন সংঘ।

গতকাল শনিবার সকালে ঝিনাইদহ পায়রা চত্বর মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে দলটির জেলা শাখা। এতে ব্যানার, ফেস্টুন নিয়ে সংগঠনটির জেলা শাখার নেতৃবৃন্দ অংশ নেয়।
এসময় বক্তব্য রাখেন বাংলাদেশ ট্রেড ইউনিয়ন সংঘ ঝিনাইদহ জেলা শাখার সভাপতি আব্দুস সালাম শাহ, সাধারণ সম্পাদক মানরেন্দ দাস মিন্টু, কৃষক সংগ্রাম সমিতির সভাপতি ডা. ওলিয়ার রহমান, কৃষক সংগ্রাম সমিতির সাধারণ সম্পাদক ইমরান হোসেন, সদর উদ্দিন সিকমল, সেলিম হোসেন ক্যাপ্টেন, রফিকুল ইসলাম, জীবন জর্দ্দার, বিল্লাল হোসেন, রাসেল রানা প্রমুখ।

এসময় বক্তারা করোনা মহামারির কারণে অসহায় হয়ে পড়া শ্রমিক-কর্মচারীদের খাদ্য, কাজ, চিকিৎসা, বোনাস ও পরবর্তী সময়ে রেশন পদ্ধতি চালুর দাবি এবং পুজির শোষণের বিরুদ্ধে গণতান্ত্রিক শ্রম আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান।

হরিণাকুণ্ডুতে স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় সভাপতি ও

সম্পাদককে গণ সংবর্ধনা

বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সভাপতি নির্মল রঞ্জন গুহ ও সাধারণ সম্পাদক আফজালুর রহমান বাবুকে গণ সংবর্ধনা দিয়েছে ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ।

শনিবার বিকেলে উপজেলা ক্রীড়া সংস্থার মাঠে এ গণ সংবর্ধনা দেওয়া হয়।

সংবর্ধনা অনুষ্ঠানকে ঘিরে শনিবার দিনভর আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীদের মাঝে উৎসবের আমেজ লক্ষ্য করা যায়। অনুষ্ঠান শুরুর আগেই এই গণ সংবর্ধনা অনুষ্ঠানটি বিশাল জনসমুদ্রে পরিণত হয়।

অনুষ্ঠানে উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক ফিরোজ সালাউদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্য পারভীন জামান কল্পনা, প্রধান বক্তা হিসেবে বক্তব্য দেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও ঝিনাইদহ পৌর মেয়র সাইদুল করিম মিন্টু।

এছাড়াও গণ সংবর্ধনা অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মজিবুর রহমান স্বপন, যুগ্ম সম্পাদক মোবাশ্বির চৌধুরী, সাংগঠনিক সম্পাদক শাহ জালাল মুকুল, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের উপ-দপ্তর সম্পাদক ও হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আফজাল হোসেন, ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম শিলু,

পৌর আওয়ামী লীগের সভাপতি খাইরুল ইসলাম, সাধারণ সম্পাদক ফারুক হোসেন, ইউপি চেয়ারম্যান শরাফত দৌলা ঝন্টু, জেলা পরিষদ সদস্য আলাউদ্দিন, উপজেলা যুবলীগের যুগ্ম আহবায়ক আব্দুল্লাহ মারুফ, ছাত্রলীগের যুগ্ম আহবায়ক রুবেল রানাসহ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য দেন।
অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক রাফেদুল হক সুমন।